গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganj.sadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৭..০০১.২৪- ৯৭

তারিখ ঃ ০৩ ফেব্রুয়ারী ২০২৫খ্রি.

১৪৩২ বাংলাসনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি:

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার ,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগ এর ২১ সেপ্টম্বর ২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারীকৃত নীতিমালা অনুযায়ী হবিগঞ্জ সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজার সমুহ ১৪৩২ বাংলাসন মেয়াদে (১লা বৈশাখ ১৪৩২ বাংলাসন হতে ৩০ চৈত্র ১৪৩২ বাংলাসন পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্ত নিম্ন বর্ণিত সিডিউল ও শর্তমতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। দরপত্র ফরম প্রাপ্তির স্থান : (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), হবিগঞ্জ।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।
(গ) সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।
(ঘ) সোনালী ব্যাংক , হবিগঞ্জ প্রধান শাখা।
(ঙ) হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ।

০২। দরপত্র ফরম দাখিলের স্থান: (ক) জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), হবিগঞ্জ।
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
(গ) সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

দরপত্র ফরম ক্রয়, দাখিল ও খোলার সময়:

দরপত্রের পর্যায়	দরপত্র ফরম বিক্রয়ের তারিখ ও সময়	দরপত্র গ্রহণের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম পর্যায়	২৪/০২/২০২৫ ও ২৫/০২/২০২৫খ্রি. সকাল-৯.০০ টা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।	২৬/০২/২০২৫খ্রি. সকাল-৯.০০ টা হতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত।	২৬/০২/২০২৫খ্রি. বেলা- ৩.০০ টা।	প্রতি পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার ব্যতিত অবশিষ্ট হাট বাজার পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। দরপত্র দাতাকে অত্রাফিস হতে তা জেনে নিতে হবে।
২য় পর্যায়	১৭/০৩/২০২৫ ও ১৮/০৩/২০২৫খ্রি. সকাল-৯.০০ টা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত।	১৯/০৩/২০২৫খ্রি. সকাল-৯.০০ টা হতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত।	১৯/০৩/২০২৫খ্রি. বেলা- ৩.০০ টা।	
৩য় পর্যায়	০৭/০৪/২০২৫ ও ০৮/০৪/২০২৫খ্রি. সকাল-৯.০০ টা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত।	০৯/০৪/২০২৫খ্রি. সকাল-৯.০০ টা হতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত।	০৯/০৪/২০২৫খ্রি. লো- ৩.০০ টা।	
৪র্থ পর্যায়	২১/০৪/২০২৫ ও ২২/০৪/২০২৫খ্রি. সকাল-৯.০০ টা হতে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত।	২৩/০৪/২০২৫খ্রি. সকাল-৯.০০ টা হতে বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত।	২৩/০৪/২০২৫খ্রি. বেলা- ৩.০০ টা।	

(চলমান পাতা নং-০২)

CamScanner

১৪৩২ বাংলাসনে ইজারাযোগ্য হাট -বাজারের তালিকা ঃ

ক্রমিক নং	হাট- বাজারের নাম	মৌজার নাম	জে,এল, নং	ইউনিয়নের নাম	সরকারী মূল্য	সিডিউলের মূল্য	মন্তব্য
০১	পৈল গরুর বাজার	পৈল	৩২	পৈল ইউনিয়ন	৪,২৬,১২০/-	১৬০০/-	
০২	সাধুর বাজার	রাজিউড়া	১১৩	রাজিউড়া ইউনিয়ন	৩,৫২৫/-	৫০০/-	
০৩	বৈদ্যের বাজার	রুফিয়াবাদ	১২৪	লস্করপুর ইউনিয়ন	১,২৭৫/-	৫০০/-	
০৪	কটিয়াদি বাজার	সুলতানসী	১২২	লস্করপুর ইউনিয়ন	৮,৭৮০/-	৫০০/-	
০৫	রিচি চক বাজার	রিচি	১৩	রিচি ইউনিয়ন	১,৮০২/-	৫০০/-	
০৬	লুকড়া বাজার	লুকড়া	১২	লুকড়া ইউনিয়ন	৪,৮৬০/-	৫০০/-	
০৭	গোপালগঞ্জ বাজার	বগুলাখাল	৬৯	রিচি ইউনিয়ন	৪,৪৯৫/-	৫০০/-	
০৮	ধল বাজার (প্রকাশিত বামকান্দি নতুন বাজার)	বামকান্দি	১১	লুকড়া ইউনিয়ন	৮,৬৫৬/-	৫০০/-	
০৯	পৈল বাজার	পৈল	৩২	পৈল ইউনিয়ন	১০.৮৩৩/-	৫০০/-	
১০	পৈল নতুন বাজার	পৈল	৩২	পৈল ইউনিয়ন	৮০,৫০০/-	৫০০/-	

ইজারার শর্তাবলী :-

০১। বাংলা ১৪৩২ সনের ১ লা বৈশাখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেয়া হবে ।

০২। দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ)অর্থ ব্যাংক ড্রাফট পে- অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার , হবিগঞ্জ সদর এর অনুকুলে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় হবে (ইজারা প্রাপ্ত হলে) এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে তাকে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর ১০% (শতকরা দশ ভাগ) আয়কর এবং ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট (মুসক) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় তার দরপত্র বাতিল বলে গন্য হবে এবং তার জামানত বাজেয়াপ্ত হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট- বাজার সর্বশেষ ইজারামূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে ।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ের আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম , ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রসিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিকস্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। দরপত্র ক্রয়ের রসিদ দরপত্রের সাথে সংযোজন করে দিতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট বাজার বা অংশ বিশেষ অন্যের নিকট হস্তান্তর বা সাবলীজ দিতে পারবেন না । তাছাড়া ইজারা গ্রহণের পর কোন কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে মর্মে ইজারাদার কোন দাবী উত্থাপন করতে পারবেন না ।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে নিজ দায়িত্বে ও নিজ খরচে =৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়েল ষ্টাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন ।

১৩। কোন প্রকার ঘষা-মাজা , কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। হাট বাজারের ইজারার টাকা সরকারের দাবী আদায়ের আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৫। সম্পূর্ণ অর্থ জমা দেওয়ার পর নির্ধারিত চুক্তিনামা সম্পাদনের মাধ্যমে দখল বুঝিয়ে দেয়া হবে। চুক্তিনামা সম্পাদন ব্যতিত দখল বুঝিয়ে দেয়া হবে না।

১৬। কোন হাট বাজারের অংশ বিশেষ স্বত্ব মামলা / দেওয়ানী মামলায় স্থিতাবস্থা থাকলে মামলাভুক্ত অংশ ব্যতিত অবশিষ্ট অংশ ইজারা প্রদান করা হবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে কোন কারন প্রদর্শন ছাড়াই ইজারা বাতিল করা হবে।

১৮। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে ।

১৯। ইজারা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত বিধান সমুহ ইজারা গ্রহীতা অবশ্যই পালনে বাধ্য থাকিবেন।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষন করেন।

০৬.১২.২০২৪

রঞ্জন চন্দ্র দে
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

CS CamScanner

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৭.০০১.২৪- ৬১৩ (১৬৩),   তারিখঃ ০৩ ফেব্রুয়ারী ২০২৫খ্রি.।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো(জেষ্ঠ্যতার ক্রমানুসাওে নহে)।

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক,হবিগঞ্জ।
০৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, ,হবিগঞ্জ। এতদসঙ্গে ১০ কপি দরপত্র সিডিউল ফরম বিজ্ঞপ্তি মোতাবেক বিক্রয় ও গ্রহণের জন্য প্রেরণ করা হলো এবং বিক্রয়লব্দ অর্থ অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো । দরপত্র গ্রহণের তারিখে তাঁর অফিসে কোন দরপত্র জমা হলে দরপত্রসমূহ নিম্নস্বাক্ষরকারীর অফিসে দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ সার্বিক), হবিগঞ্জ।
০৮। প্রশাসক, হবিগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ।
০৯। সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা
১০। উপজেলা নির্বাহী অফিসার,নবীগঞ্জ/বানিয়াচং/আজমিরীগঞ্জ/লাখাই/মাধবপুর/চুনারুঘাট/ বাহুবল/শায়েস্থাগঞ্জ।
১১। সহকারী কমিশনার(ভূমি) হবিগঞ্জ সদর। তাঁর নিকট ১৫ টি সিডিউল ফরম প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তি মোতাবেক বিক্রয় ও গ্রহণ করার জন্য এবং বিক্রয় হলে বিক্রয়লব্দ অর্থ ও অবিক্রিত সিডিউল ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১২। উপজেলা ———————— —— অফিসার,ও সদস্য/সদস্য সচিব, হাট বাজার ইজারার দরপত্র মূল্যায়ন কমিটি , হবিগঞ্জ সদর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য এবং দরপত্র খোলার তারিখ ও নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো
১৩। উপজেলা ---————অফিসার (সকল) , হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।
১৪। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা। তাঁর নিকট ১০ টি সিডিউল ফরম প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তি মোতাবেক বিক্রয়ের ব্যবস্থা গ্রহণপূর্বক বিক্রয়লব্দ অর্থ ও অবিক্রিত সিডিউল ফরম ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, লিঃ. হবিগঞ্জ প্রধান শাখা। তাঁর নিকট ১০ টি দরপত্র ফরম বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো। বিজ্ঞপ্তি মোতাবেক বিক্রয় ও গ্রহণ করার জন্য এবং বিক্রয় হলে বিক্রয়লব্দ অর্থ ও অবিক্রিত সিডিউল ফরম ফেরত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬। সাব-রেজিষ্টার,হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।
১৭। চেয়ারম্যান (সকল)——————————————ইউ,পি ও সদস্য সংশ্লিষ্ট হাটবাজার ইজারার দরপত্র মূল্যায়ন কমিটি , হবিগঞ্জ সদর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য এবং দরপত্র খোলার তারিখ ও নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো
১৮। পোস্ট মাস্টার, হবিগঞ্জ সদর
১৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা——————————————ইউনিয়ন ভুমি অফিস (সকল) হবিগঞ্জ সদর। বিজ্ঞপ্তিটি মাইক,ঢোল মহরতের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকায় হাটবাজারে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২০। সম্পাদক .... , হবিগঞ্জ । তাঁকে বিজ্ঞপ্তিটি জরুরীভিত্তিতে ০১ দিনের জন্য স্বল্প পরিসরে তাঁর পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো । তাছাড়া পত্রিকার কপি এবং বিলের কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরাধ করা হলো ।
২১। সভাপতি/.সম্পাদক-- বাজার কমিটি, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।
২২। জনাব ——————————————প্রাক্তন ইজারাদার ,—————————— বাজার, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ।

০৩.০২.২০২৫
রঞ্জন চন্দ্র দে
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

CamScanner